

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
শৃঙ্খলা শাখা  
www.mefwd.gov.bd

নং- ৫৯.০০.০০০০.১১৭.২৭.০০৬.১৮-৭২

তারিখ: ১১ ফাল্গুন ১৪২৬  
২৪ ফেব্রুয়ারি ২০২০


বিষয়ঃ জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন অভিযোগ)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি মৃত্যুজনিত কারণে নিষ্পত্তিকরণ সংক্রান্ত।

সূত্র: -৫৯.১১.০০০০.১৫৩.২৭.১৭৬.১৭-৭২২, তারিখ: ১৭-১২-১৯ খ্রি: পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন অভিযোগ)-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি ও (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' এর দায়ে গত ০১/১০/২০১৮ খ্রি. তারিখের ১০১ নম্বর স্মারকে বিভাগীয় মামলা রুজু করে অভিযোগনামা জারি করে ১ম কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মকর্তা আত্মপক্ষ সমর্থনে কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব দাখিল করেন। পরবর্তীতে অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়।

ইতোমধ্যে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ১৭/১২/২০১৯ তারিখের এক পত্রের মাধ্যমে জানা গেছে যে, জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার (গোপালগঞ্জ জেলার সদর উপজেলায় কর্মকালীন অভিযোগ) চাকুরীরত অবস্থায় গত ১০/০১/২০১৯ খ্রি: তারিখে মৃত্যুবরণ করেন। মৃত্যুজনিত কারণে মরহমের স্ত্রী কানিজ ফাতেমা লামগ্রাণ্ট মঞ্জুরীর জন্য আবেদন করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তর থেকে বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলাটি নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

এমতাবস্থায়, সদয় বিবেচনা করে জনাব এস, এম, মুজাহিদুল ইসলাম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ, কক্সবাজার চাকুরীরত অবস্থায় গত ১০/০১/২০১৯ খ্রি: তারিখে মৃত্যুবরণ করেন বিষয়, বর্তমানে চলমান বিভাগীয় মামলাটি চালানোর কোন যুক্তিসংগত কারণ বিদ্যমান না থাকায় মামলাটি নথিভুক্ত করা হয়েছে মর্মে নির্দেশক্রমে অবহিত করা হলো।

  
২৪/০২/২০২০  
(উম্মে কুলসুম)  
উপসচিব

Email: disc1@mefwd.gov.bd

মহাপরিচালক  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলেঃ**

- ১। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
- ২। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), ঢাকা/চট্টগ্রাম।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ, সচিবালয়, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (চিঠিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, গোপালগঞ্জ/কক্সবাজার।
- ৬। সহকারী পরিচালক (পার্সোনেল-২), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
- ৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, টেকনাফ/গোপালগঞ্জ জেলার সদর উপজেলা।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ/কক্সবাজার।
- ৯। অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। বেগম কানিজ ফাতেমা (মরহম এস, এম, মুজাহিদুল ইসলাম এর বিধবা স্ত্রী)।